রোববার আদালতে যাবে রামিসা হত্যা মামলার চার্জশিট: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

রাজধানীর মিরপুরের পল্লবীতে শিশু রামিসা আক্তারকে ধর্ষণ ও হত্যার ঘটনায় আগামী রোববারের মধ্যে আদালতে চার্জশিট দাখিল করা হতে পারে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ।

বৃহস্পতিবার রাতে রামিসার বাসা পরিদর্শন শেষে সাংবাদিকদের তিনি জানান, মামলার আসামিকে ইতোমধ্যে গ্রেপ্তার করা হয়েছে এবং আদালতে ১৬৪ ধারায় স্বীকারোক্তিমূলক জবানবন্দিও দিয়েছে। বর্তমানে ডিএনএ পরীক্ষার কাজ চলছে। পরীক্ষার প্রতিবেদন হাতে পেলেই চার্জশিট জমা দেওয়া হবে।

এ সময় প্রধানমন্ত্রী তারেক রহমান রামিসার পরিবারের সঙ্গে কথা বলেন এবং দ্রুত বিচার নিশ্চিতের আশ্বাস দেন। পাশাপাশি রামিসার বড় বোনের পড়াশোনা ও ভবিষ্যৎ ব্যয়ের দায়িত্ব নেওয়ার কথাও জানান তিনি।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, সরকার চায় দ্রুত সময়ের মধ্যে বিচার প্রক্রিয়া শেষ করে দোষীর সর্বোচ্চ শাস্তি নিশ্চিত করতে। একই সঙ্গে শিশু ধর্ষণ ও হত্যার মতো ঘটনায় আইন আরও কঠোর করার উদ্যোগ নেওয়া হবে বলেও জানান তিনি।

গত ১৯ মে পল্লবীর একটি বাসা থেকে সাত বছর বয়সী রামিসার খণ্ডিত মরদেহ উদ্ধার করে পুলিশ। এ ঘটনায় দেশজুড়ে তীব্র ক্ষোভ ও প্রতিবাদের সৃষ্টি হয়। পরে প্রধান আসামি সোহেল রানাকে গ্রেপ্তার করে পুলিশ।